

বিমানের দুর্নীতির তথ্য ই-মেইলে জানাতে পারবেন কর্মীরা

- A Monitor Desk Report

Date: 11 November, 2024



ঢাকাঃ রাষ্ট্রীয় পতাকাবাহী উড়োজাহাজ সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের দুর্নীতির তথ্য জানাতে একটি ই-মেইল খোলা হয়েছে। এই ই-মেইলে কর্মীরা বিমান সম্পর্কে তথ্যপ্রমাণসহ যেকোনো দুর্নীতি বা অনিয়মের বিষয়ে জানাতে পারবেন। ই-মেইলটি হচ্ছে - bimanbdaudit@gmail.com.

সম্প্রতি এবিষয়টি অবগত করে একটি অফিস আদেশ জারি করেছে বিমান।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স সূত্রে জানা গেছে, বিমানের অডিট ও ফিন্যান্স সংক্রান্ত উপ-কমিটির সম্প্রতি অনুষ্ঠিত বৈঠকে এ ধরনের একটি ই-মেইল খোলার সিদ্ধান্ত হয়েছিল। এই সিদ্ধান্তে বিমানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান অনুমোদন করেছেন।

ই-মেইল সংক্রান্ত বিমানের আদেশে বলা হয়েছে, ‘এই ই-মেইলে মূলত দুটি তথ্য পাঠানো যাবে। প্রথমটি হচ্ছে, বিমানের প্রকিউরমেন্ট প্রক্রিয়া, পেমেন্ট প্রক্রিয়া, রিক্রুটমেন্ট প্রক্রিয়া ইত্যাদি নিয়ে পরামর্শ। অপরটি হচ্ছে বিমানের দুর্নীতি নিয়ে তথ্য। বিমান সবাইকে নিজস্ব ই-মেইল দিয়ে এসব তথ্য জানাতে উৎসাহিত করেছে। প্রত্যেক তথ্যদাতার নাম-পরিচয় গোপন রাখা হবে। তবে কেউ যদি উদ্দেশ্যপ্রণোদিত, মিথ্যা তথ্য দেয়, সেক্ষেত্রে তাদের বিরুদ্ধে বিমান ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া শুরু করবে।’

ই-মেইলটি কেবল ৩ জন ব্যক্তি খুলতে পারবেন। তারা হচ্ছেন বিমানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান আব্দুল মুয়ীদ চৌধুরী, বিমানের অডিট ও ফাইন্যান্স বিষয়ক উপ-কমিটির আহ্বায়ক আলি আশফাক এবং উপ-কমিটির সদস্য সেলিফ আর এফ হোসেন।

বিমানকে বিশ্বের সেরা এয়ারলাইন্স হিসেবে গড়ে তুলতে সবার সক্রিয় অংশগ্রহণ চেয়েছে প্রতিষ্ঠানটি।

